

## নভেম্বর ৩-৭, ১৯৭৫ এর ঘটনাবলী : অমিমাংসিত প্রশ্ন

নুরুজ্জামান মানিক

ফ্রীল্যান্স সাংবাদিক, কলামিস্ট, প্রাবন্ধিক।

১। ১৯৭৫ সালের নভেম্বর মাসের ৩ তারিখে কারাগারে হত্যা করা হয় জাতির শ্রেষ্ঠ সন্তান সর্বজনাব তাজউদ্দিন আহমেদ, সর্বজনাব সৈয়দ নজরুল ইসলাম, সর্বজনাব কামরুজ্জামান, সর্বজনাব মনসুর আলী কে।এটি জেলহত্যা দিবস হিসেবে পালিত। জেলহত্যা মামলা আদালতে বিচারার্থীন।

কেন তাদের হত্যা করা হল? কার সার্থে? কোন বিদেশী শক্তির ভূমিকা ছিল কিনা? থাকলে তারা কারা?

২। ওই একইদিনে ত্রিগেডিয়ার জেনারেল খালেদ মুশাররফ (বীরউত্তম, সেক্টর কমান্ডার এবং কে-ফোর্স কমান্ডার, ১৯৭১) কর্নেল শাফায়াত জামিল (বীরউত্তম, সেক্টর কমান্ডার, ১৯৭১), মেজর হায়দার (বীরউত্তম, সাবসেক্টর কমান্ডার, ১৯৭১) প্রমুখের নেতৃত্বে একটি সামরিক ক্যু সংঘটিত হয়। ওই ক্যুতে তৎকালীন সেনাপ্রধান মেজর জেনারেল জিয়াউর রহমান কে বন্দি করা হয়।

কেন এই ক্যু? কি তার উদ্দেশ্য? সেটা কি বঙ্গবন্ধু ও কারাগারে জাতির শ্রেষ্ঠ সন্তানদের হত্যার প্রতিশোধ নেবার জন্য? যদি তাই হয় তবে, হত্যাকারীদের কোন শাস্তিই দেয়া হল না কেন? জেনারেল ওসমানির ভূমিকাই বা কি ছিল? এই ক্যু'র পিছনে কোন বিদেশী শক্তির ভূমিকা ছিল কিনা?

৩। ১৯৭৫ সালের নভেম্বর মাসের ৭ তারিখে বিপ্লবী সৈনিক সংস্থার প্রধান কর্নেল তাহের (অবঃ, বীরউত্তম, সেক্টর কমান্ডার, ১৯৭১) এর নেতৃত্বে ত্রিগেডিয়ার জেনারেল খালেদ মুশাররফ সরকারকে উৎখাত ও মেজর জেনারেল জিয়াউর রহমান কে মুক্তকরাসহ একাধিক উদ্দেশ্য ও লক্ষে কাউন্টার ক্যু সংঘটিত হয়। জেনারেল খালেদ মুশাররফ কে নৃশংসভাবে হত্যা করা হয়। মেজর জেনারেল জিয়াউর রহমান মুক্তিলাভ করেন। (দ্র, হাসানুল হক ইনুর নিবন্ধ, ভোরেরকাগজ, ৭ নভেম্বর ১৯৯৮)

কেন এই কাউন্টার ক্যু? কি তার উদ্দেশ্য? কেন জাসদ নেতৃত্বে এই ক্যু'র ফল তাদের ঘরে নিতে পারল না? যেই জিয়াকে মুক্ত করলেন তাহের, সেই তাহেরকেই বা কেন ফাসি দেয়া হল ২১ জুলাই ১৯৭৬ সালে? এরজন্য কারা দায়ী?

খালেদ, তাহের, জিয়া প্রত্যেকেই ছিলেন বীরমুক্তিযোদ্ধা এবং সবচেয়ে মেধাবী সেনা অফিসার এবং বন্ধু। কেন তারা একে অপরের হত্যায় যুগ দিলেন?

রচনাকাল: নভেম্বর ১, ২০০৬।